চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ২৫ জুলাই ২০২২ খ্রি.

ছাফা-মোতালেব কলেজ আলোচনা সভায় সিটি মেয়র

## শিক্ষাবিহীন জীবন কোন সময় সুখকর হতে পারে না

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সৌন্দর্য শোভিত বস্তু চির আনন্দদায়ক হয়। শিক্ষাবিহীন জীবন কোনদিন সুখর হতে পারে না। এলাকাবাসির উদ্দেশ্যে তিনি বলেন, সন্তানকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করার জন্য শিক্ষার্থীদেরকে উৎসাহ ও অনুপ্রেরনা যোগাতে হবে। যাতে শিক্ষার্থীরা উৎসাহ উদ্দীপনার মাধ্যমে শিক্ষা অর্জন করে নিজেকে আলোকিত মানুষ হিসেবে সমাজে প্রতিষ্ঠিত করতে পারে। শিক্ষা এমন একটি  প্রয়োজনীয় মাধ্যম যা সভ্যতার আলোক বর্তীকা। প্রকৃত শিক্ষা মানুষের মনুষ্যত্বকে বিকাশিত করে। আলহাজ্ব নূরুচ্ছাফা মোহরা চাঁন্দগাওসহ নগরীতে অনেক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করে শিক্ষার আলো ছাড়াচ্ছেন। সমাজের বিত্তবানরা নূরুচ্ছার মত এগিয়ে আসলে একটি শিক্ষিত সমাজ গড়ে তোলা সময়ের ব্যাপার মাত্র। আজ সকালে নগরীর মোহরা ওয়ার্ডে ছাফা-মোতালেব কলেজ পরিদর্শন শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

কলেজের প্রতিষ্ঠাতা ও কলেজ পরিচালনা কমিটির সভাপাতি আলহাজ্ব নূরুচ্ছফার সভাপতিত্বে প্রভাষক আমেনা বেগমের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব আব্দুস ছালাম, কাউন্সিলর কাজী নুরুল আমিন, অধ্যক্ষ বীনা পানি চক্রবর্তী।

মেয়র আরো বলেন, শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুললে হবে না, প্রতিষ্ঠানকে সঠিকভাবে পরিচালনা করা গেলেই সেই শিক্ষা প্রতিষ্ঠান থেকে ভাল ফলাফল নিয়ে শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা অর্জন করে সমাজে অবদান রাখতে পারে। নগরীর সরকারী কলেজে যারা পড়া লেখা করে তারাই শুধু মেধাবী নয় গ্রাম গঞ্জের অখ্যাত কলেজ গুলোতেই মেধাবী ছাত্র-ছাত্রী থাকে। তাদেরকে আন্তরিকাতার সাথে পাঠদান ও পরিচর্যা করা গেলেই দেখা যাবে সরকারী কলেজের মেধাবী শিক্ষার্থীদের চাইতে তারা কোন অংশে কম নয়। তিনি ছাফা মোতালেব কলেজটি সিটি কর্পোরেশনের পরিচালনায় আনার যে আবেদন করা হয়েছে তা প্রক্রিয়ার ভিতর দিয়ে চসিক শিক্ষা বিভাগের অন্তর্ভূক্ত করার আশ্বাস প্রদান করেন।

বিশেষ অতিথির বক্তব্যে চউকের সাবেক চেয়ারম্যান আব্দুস ছালাম বলেন, বাংলাদেশ এখন ডিজিটাল পদ্ধতিতে এগিয়ে চলছে। এই পদ্ধিতর সাথে ছাফা মোতালেব কলেজের শিক্ষার্থীরা সংযুক্ত হতে না পারলে প্রকৃত অর্থে পিছিয়ে থাকবে। তিনি ছাফা মোতালেব কলেজের যে কোন সমস্যা সমাধানে নিজের সাধ্যমত চেষ্টা করবেন বলে অভিমত ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে কলেজের প্রতিষ্ঠাতা আলহাজ্ব নুরুচ্ছফা বলেন, মোহরাবাসির জন্য ছাফা মোতালেব কলেজ প্রতিষ্ঠা করেছি, এলাকার উন্নয়নে যদি কোন ধরণের সহযোগিতার প্রয়োজন হয় আমি তা করে দিব। তিনি চসিক মেয়রকে কলেজটি সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান।

চসিক স্থায়ী কমিটি সভায় মেয়র

## বৈশ্বিক মহামারি ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্ব মন্দায় আমাদেরকেও মিতব্যয়ী হতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনার ধকল সামলে না উঠতেই ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাবে বিশ্বব্যাপী যে সংকট তৈরী হয়েছে এই সংকট সমাধানের জন্য শুধুমাত্র স্বল্প মেয়াদি উদ্যোগ নিলে হবে না। এই জন্য প্রয়োজন দীর্ঘ মেয়াদি পরিকল্পনার। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কার্যপরিচালনায় মিতব্যয়ী হতে হবে। তিনি বলেন বিদ্যুৎ ও জ্বালানীসহ ব্যবহার্য্য বিভিন্ন খাতে ব্যয় সংকোচন ও সাশ্রয়ী হওয়া সময়ের দাবি হয়ে দাঁড়িয়েছে। নগরীতে যে সব বিল বোর্ড টাঙ্গানো হয়েছে তা চসিকের অনুমোদিত কিনা তা ক্ষতিয়ে দেখতে হবে এবং বিলবোর্ডগুলোতে যে পরিমান বিদ্যুৎ ব্যবহৃত হয় তা কমিয়ে আনাসহ সরকারি নির্দেশনা অনুযায়ী পঁচিশ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করতে সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা

দেন। আজ অপরাহ্নে বাটালি হিলস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে চসিকের বিভিন্ন স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত ও অগ্রগতি পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন কাউন্সিলর মোবারক আলী, অধ্যাপক মো. ইসমাইল, ওয়াসিম উদ্দিন চৌধুরী, আব্দুস সালাম মাসুম, আব্দুল বারেক , মো. শাহেদ ইকবাল বাবু, গোলাম মোহাম্মদ জোবায়ের, সচিব খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) মো. আকবর আলী, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, নির্বাহী প্রকৌশলী মির্জা ফজলুল কাদের প্রমুখ।

সভায় সৌন্দর্য বর্ধনের জন্য চসিক যে সকল প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হয়েছে সেইসব চুক্তির মেয়াদ উর্ত্তীণ হলে তাদের চুক্তি বাতিল বলে গন্য করা ও সৌন্দর্য বর্ধনের নামে অবৈধ স্থাপনা নির্মাণ করে সৌন্দর্য হানি করেছে সেগুলো ভ্রাম্যমান আদালতের মাধ্যমে উচ্ছেদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া মেয়র সৌন্দর্য বর্ধনের নামে নগরীতে যেসব অপরিকল্পিত কাজ করা হয়েছে তা পরিহার করে নতুন উদ্যোগে নগরীর সৌন্দর্য্য বর্ধনের উপর পরিকল্পনা নেয়া হবে বলে অভিমত ব্যক্ত করেন।

সভায় চসিকের যে সমস্ত কর্মকর্তা সরকারি বিধি বিধান অনুযায়ী গাড়ী ব্যবহার করতে পারবেন তাদের গাড়ী নিশ্চিত করা এবং যারা বিধিবিধানের বাহিরে গাড়ী ব্যবহার করছেন তাদের গাড়ী ব্যবহার থেকে বিরত থাকার ও জ্বালানী ব্যবহারের সাশ্রয়ী হওয়াসহ যেসব যানবাহন মেরামত যোগ্য তা তালিকা করে মেরামতের ব্যবস্থা করা এবং গাড়ী মেরামত করলেও ব্যবহারের উপযুক্ত নয় তা নিলামে বিক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্য অর্জনে কন্টেইনার সংখ্যা আরো বৃদ্ধি করা, নতুন কন্টেইনার মুভার ক্রয় করা, ত্রুটিযুক্ত আবর্জনাবাহী গাড়ী দ্রুত মেরামত ও রং করে ব্যবহারের উপযোগী করা এবং পরিচ্ছন্ন বিভাগের বিগত ৬ মাসের বিভিন্ন কার্যক্রমের খতিয়ান ওয়ার্ড ওয়ারী আগামী ১ মাসের মধ্য মেয়র বরাবরে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

### চসিকের ভ্রাম্যমাণ আদালত

## অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার প্রস্তুতের অপরাধে
## আল মদিনা হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর পাহাড়তলী থানাধীন সিডিএ মার্কেটের মোড়ে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার প্রস্তুত এবং নালায় হোটেলের বর্জ্য ফেলার অপরাধে আল মদিনা হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে সিডিএ মার্কেটের মোড় ও সাগরিকা রোডের ফুটপাত দখল করে লোহার প্লেট, পুরাতন ইঞ্জিন, পুরাতন ক্যাবল ও বিভিন্ন মালামাল রেখে ব্যবসা করায় জনসাধারনের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধে ১০ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩৬ হাজার ৫ শত টাকাসহ সর্বমোট ৫১ হাজার ৫ শত টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩